# পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানি লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানি)
নলকা, সিরাজগঞ্জ।

সূত্র নং- ২৮.১৮.০০০০.০০০.০৫৯.৩৮.০০০১.২৬/১.১ ও ১.২/২০২৬ তারিখ: ৩০.০৬.২০২৬ খ্রী.

গ্যাস প্রাকৃতিক সম্পদ, গ্যাসের অপচয় রোধ করুন।

## ১.১ ও ১.২ শ্রেণিতে নিয়োগ/তালিকাভুক্তির বিজ্ঞপ্তি

পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানি লিমিটেড (পিজিসিএল)-এ ১.১ ও ১.২ শ্রেণির গ্যাস পাইপ লাইন নির্মাণ ঠিকাদার নিয়োগ/তালিকাভুক্তির জন্য আগ্রহী ও সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসম্পন্ন ঠিকাদারদের নিকট হতে পিজিসিএল কর্তৃক প্রণীত নতুন নির্ধারিত তফসিলের মাধ্যমে নিম্নলিখিতভাবে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে:

১। তফসিল বিক্রির স্থান:

- ক) হিসাব বিভাগ, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানি লিমিটেড, নলকা, সিরাজগঞ্জ।
- খ) বগুড়া আঞ্চলিক কার্যালয়, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানি লিমিটেড, ছিলিমপুর, বগুড়া।
- গ) পাবনা আঞ্চলিক কার্যালয়, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানি লিমিটেড, মহেন্দ্রপুর, পাবনা।
- ঘ) ঈশ্বরদী আঞ্চলিক কার্যালয়, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানি লিমিটেড, অরণকোলা, পাবনা রোড, ঈশ্বরদী ।
- ঙ) ঢাকা লিঁয়াজো অফিস, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানি লিমিটেড, পেট্রোসেন্টার (লেভেল-১৩), ৩, কাওরান বাজার বা/এ, ঢাকা-১২১৫।
- চ) রাজশাহী আঞ্চলিক কার্যালয়, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানি লিমিটেড, এয়ারপোর্ট রোড, নওদাপাড়া, রাজশাহী।
- ছ) বাঘাবাড়ি-বেড়া আঞ্চলিক কার্যালয়, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানি লিমিটেড, বাঘাবাড়ি, শাহজাদপুর, সিরাজগঞ্জ।
- জ) সিরাজগঞ্জ আঞ্চলিক কার্যালয়, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানি লিমিটেড, জামান কমপ্লেক্স (৩য় তলা), এস এস রোড, সিরাজগঞ্জ।

২। তফসিল বিক্রির সময়সীমা : ০৫/০৭/২০২৬ হতে ০৩/০৯/২০২৬ খ্রী. পর্যন্ত (অফিস চলাকালীন)।

৩। আবেদনপত্র গ্রহণের সময়সীমা : ০৬/০৯/২০২৬ হতে ০৫/১০/২০২৬ খ্রী. পর্যন্ত অফিস চলাকালীন সময়ে সরাসরি/ প্রয়োজনে ডাক যোগে বা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে প্রেরণ করা যাবে। তবে নিধারিত সময়ের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

৪। আবেদনপত্র গ্রহণের স্থান : উপ-মহাব্যবস্থাপক (পরিকল্পনা) এর দপ্তর, পরিকল্পনা ডিপার্টমেন্ট,পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানি লিমিটেড, প্রধান কার্যালয়, নলকা, সিরাজগঞ্জ।

৫। তফসিলের মূল্য : ৳১,৫০০/= (এক হাজার পাঁচ) টাকা মাত্র (অফেরতযোগ্য)।

৬। পিজিসিএল-এ বর্তমান যে সকল প্রতিষ্ঠান ১.১ ও ১.২ শ্রেণিতে তালিকাভুক্ত আছে তাদেরকে পিজিসিএল কর্তৃক নতুন প্রণীত তফসিলের মাধ্যমে নতুন করে তালিকাভুক্ত হতে হবে। এ সকল প্রতিষ্ঠানকে তালিকাভুক্তির আবেদনপত্রের সহিত ২০২৬-২০২৭ অর্থ বছর পর্যন্ত ১.১ ও ১.২ শ্রেণির তালিকাভুক্তির নবায়ন সনদপত্র জমা প্রদান করতে হবে। ১.১ ও ১.২ শ্রেণির ঠিকাদারি প্রতিষ্ঠানের জন্য প্রণীত নতুন তফসিলের আওতায় নিরাপত্তা জামানতের পরিমাণ যথাক্রমে ৳৩০,০০০.০০ (ত্রিশ হাজার) ও ৳৪৫,০০০.০০ (পঁয়তাল্লিশ হাজার) টাকা মাত্র। অত্র কোম্পানিতে ইতোপূর্বে ১.১ শ্রেণিতে তালিকাভুক্ত ঠিকাদারী প্রতিষ্ঠানসমূহ-কে পিজিসিএল কর্তৃক প্রণীত নতুন তফসিল অনুযায়ী নিরাপত্তা জামানত অবশ্যিকভাবে সমন্বয় (পূর্বের জামানতের অর্থ সমন্বয় সাপেক্ষে) করতে হবে।

৭। ১.১ শ্রেণিতে নতুন তালিকাভুক্তি গ্রহণে ইচ্ছুক ঠিকাদার (গণ) এর পাইপ লাইন নির্মাণ/ স্থাপন সংক্রান্ত বিষয়ে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে অথবা অনুরূপ কাজে যথেষ্ট অভিজ্ঞতাসহ প্রতিষ্ঠানের মালিককে এস.এস.সি উত্তীর্ণ হতে হবে অথবা প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী/মালিককে পশ্চিমাঞ্চল গ্যাসে তালিকাভুক্ত যে কোন শ্রেণির পাইপলাইন ঠিকাদারী প্রতিষ্ঠানে ব্যবস্থাপক/ সুপারভাইজার/ ফিটার হিসেবে পাইপলাইন নির্মাণ কাজে ন্যূনতম ০২ (দুই) বছরের অভিজ্ঞতাসমেত ন্যূনতম এসএসসি/সমতুল্য পরীক্ষার সনদধারী হতে হবে। তবে এসএসসি (ভোকেশনাল) বা তদূর্ধ্ব কারিগরি শিক্ষায় শিক্ষিতদের ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করা হবে।

৮। ১.২ শ্রেণিতে নতুন তালিকাভুক্তি গ্রহণে ইচ্ছুক ঠিকাদার (গণ) এর পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানি লিমিটেড বা পেট্রোবাংলার অধীনস্ত অন্যান্য বিপণন কোম্পানিতে ১.১ শ্রেণিতে ন্যূনতম ০২ (দুই) বছরের তালিকাভুক্ত হিসেবে থাকার প্রমাণ এবং প্রয়োজনীয় জনবল ও যন্ত্রপাতি থাকতে হবে।

৯। ১.১ ও ১.২ শ্রেণির গ্যাস পাইপ লাইন নির্মাণ ঠিকাদার নিয়োগ/তালিকাভুক্তির ক্ষেত্রে পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানি লিমিটেড বা পেট্রোবাংলার অধীনস্ত অন্যান্য বিপণন কোম্পানিতে কালো তালিকাভুক্ত ব্যক্তি/প্রতিষ্ঠান আবেদন করতে পারবেন না।

১০। কর্তৃপক্ষ যে কোন আবেদনপত্র/সকল আবেদনপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

১১। নিয়োগ/তালিকাভুক্তির আবেদনপত্র জমা প্রদানের সময় তালিকাভুক্তির তফসিলের মূল কপির সঙ্গে ০১ সেট ফটোকপি (স্পাইরাল বাইন্ডিং) দাখিল করতে হবে। প্রয়োজনে যে কোন তথ্যের জন্য পরিকল্পনা ডিপার্টমেন্টের ম্যাটেরিয়াল প্ল্যানিং সেকশনে যোগাযোগ করা যেতে পারে (০১৭১১-৪০৫৪৪২, ০১৭১৪-৮৪১৫৮৪) ।

৩০|০১|২০২৭

প্রকৌ. এস. এম. মহিবুর রহমান
মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও উন্নয়ন)
মোবাইল নম্বর: ০১৭১১-৪৯৫৪৮০
ইমেইল: gm.pnd@pgcl.gov.bd